
**25 January 2024**

## National & International News

| | |
|---|---|
| তুর্কিয়ে সুইডেনের ন্যাটো সদস্যপদ অনুমোদন করেছে | প্রসঙ্গ<br>• এক বছরেরও বেশি সময় বিলম্বের পর তুর্কিয়ের সংসদ (পার্লামেন্ট) সুইডেনের ন্যাটো সদস্যপদ অনুমোদন করেছে।<br>• এটি নিরাপত্তা জোটের **32** তম সদস্য হয়েছে।<br><br>ন্যাটো **(NATO)** সম্পর্কে<br>• ন্যাটো হল উত্তর আমেরিকা এবং ইউরোপের 30টি দেশের একটি নিরাপত্তা জোট। **1949** সালে ওয়াশিংটন চুক্তি স্বাক্ষরের মাধ্যমে এটি গঠিত হয়।<br>• সম্প্রতি, ফিনল্যান্ড এটির **31**তম সদস্য হিসাবে জোটে যোগদান করেছে।<br>• ন্যাটোর মৌলিক লক্ষ্য হল রাজনৈতিক ও সামরিক উপায়ে মিত্র শক্তিগুলির স্বাধীনতা ও নিরাপত্তা রক্ষা করা।<br>• এটি সম্মিলিত প্রতিরক্ষার একটি ব্যবস্থা যেখানে স্বাধীন সদস্য রাষ্ট্রগুলি একটি বহিরাগত পক্ষ বা রাষ্ট্রের দ্বারা আক্রমণের ক্ষেত্রে পারস্পরিক প্রতিরক্ষায় সম্মতি দেয়।<br>• ওয়াশিংটন চুক্তির **5** নং অনুচ্ছেদ অনুযায়ী, একটি মিত্ররাষ্ট্রের বিরুদ্ধে আক্রমণ মানে সকলের বিরুদ্ধে আক্রমণ।<br>• এই নিবন্ধটি জোটের মূল কেন্দ্র বা অন্ত:করণ গঠন করে। এটি সম্মিলিত প্রতিরক্ষার একটি প্রতিশ্রুতি।<br>• এর সদর দপ্তর **-** ব্রাসেলস, বেলজিয়াম। |
| ফ্রান্সের প্রেসিডেন্ট জয়পুরে শোভাযাত্রায় যোগ দেবেন | প্রসঙ্গ<br>• পিঙ্ক সিটি বা গোলাপি শহর জয়পুরে অনুষ্ঠিত একটি 'শোভাযাত্রায়', বা জনসাধারণের মিছিলে ফরাসি রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রোঁর উপস্থিতি থাকতে পারে বলে আশা করা হচ্ছে।<br>• ভারতীয় দল জয়পুরকে ফরাসি প্রেসিডেন্টের ভারতসফরের প্রথম যাত্রাবিরতি হিসেবে বেছে নিয়েছে **।**<br>• নয়াদিল্লিতে প্রজাতন্ত্র দিবসের কুচকাওয়াজে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন তিনি। |
| কেন্দ্র কুষ্ঠরোগের চিকিৎসার জন্য তিন-ওষুধ বা থ্রি-ড্রাগ স্বাস্থ্যবিধি প্রকাশ করে | প্রসঙ্গ<br>• কেন্দ্রীয় সরকার **2027** সালের মধ্যে উপ-জাতীয় স্তরে কুষ্ঠরোগের সংক্রমণ বন্ধ করার লক্ষ্যে এর জন্য একটি নতুন চিকিত্সা পদ্ধতি অনুমোদন করেছে।<br>• ডাব্লুএইচও (WHO)-এর মতে, কুষ্ঠ মাইকোব্যাকটেরিয়াম লেপ্রে দ্বারা সৃষ্ট একটি দীর্ঘমেয়াদী সংক্রামক রোগ।<br><br>• চিকিত্সাহীন কেসগুলির ক্ষেত্রে, ব্যাকটেরিয়াগুলি ঘনিষ্ঠ এবং ঘন ঘন যোগাযোগের সময় নাক এবং মুখ থেকে ড্রপলেট বা ফোঁটার মাধ্যমে সংক্রামিত হয়। |

| | |
|---|---|
| | • ডাব্লুএইচও (WHO)-এর ছয়টি অঞ্চল থেকে রিপোর্ট করা কুষ্ঠরোগ, মাল্টি-ড্রাগ থেরাপি (এমডিটি) দিয়ে নিরাময় করা সম্ভব।<br>• WHO-এর প্রস্তাবিত চিকিত্সা পদ্ধতিতে তিনটি ওষুধ রয়েছে - ড্যাপসোন, রিফাম্পিসিন এবং ক্লোফাজিমিন।<br>• এই সংমিশ্রণটিকে (কম্বিনেশন) এমডিটি হিসাবে উল্লেখ করা হয়। চিকিত্সার সময়কাল পিবি (PB)-এর জন্য ছয় মাস এবং এমবি (MB)-এর ক্ষেত্রে 12 মাস। এমডিটি রোগজীবাণুকে মেরে ফেলে এবং সংক্রমণ নিরাময় করে।<br>• শনাক্ত হওয়া নতুন কেসগুলির বেশিরভাগই দক্ষিণ-পূর্ব এশিয়ার। |
| মার্কিন কর্মকর্তারা দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে আলোচনা করতে ভারতে আসছেন<br> | প্রসঙ্গ<br>শীর্ষ মার্কিন কূটনীতিকরা (ডিপ্লোম্যাট) মার্কিন যুক্তরাষ্ট্রসহ অস্ট্রেলিয়া, জাপান ও ভারতের নেতাদের সাথে দ্বিপাক্ষিক সমস্যা, শক্তি সহযোগিতা এবং কোয়াড সামিটের সম্ভাব্য তারিখ নিয়ে আলোচনা করতে দিল্লিতে যাবেন।<br><br>কোয়াড (QUAD) সম্পর্কে<br>• কোয়াডের লক্ষ্য হল ইন্দো-প্যাসিফিক অঞ্চলে আঞ্চলিক নিরাপত্তা এবং অর্থনৈতিক সহযোগিতা প্রচার করা।<br>• একটি মুক্ত ও উন্মুক্ত ইন্দো-প্যাসিফিক সম্পর্ক বজায় রাখা, গণতন্ত্র, মানবাধিকার, আইনের শাসন প্রচার এবং এই অঞ্চলে চীনের ক্রমবর্ধমান প্রভাব মোকাবিলায় চারটি দেশের এক অভিন্ন স্বার্থ রয়েছে।<br>• সামুদ্রিক নিরাপত্তা, অবকাঠামো উন্নয়ন, এবং সাপ্লাই চেইন এর স্বাভাবিক প্রত্যাবর্তনের মতো বিষয় নিয়ে আলোচনা করার জন্য কোয়াড বেশ কয়েকটি মন্ত্রী এবং নেতাদের বৈঠক করেছে।<br>• এই অঞ্চলে চীনের প্রভাবের ভারসাম্য রক্ষার জন্য কোয়াডকে একটি মেক্যানিজম বা পদ্ধতি হিসেবে দেখা হয়। তবে, এর সদস্যদের মতে,এটি কোনো সামরিক জোট নয়। অন্যান্য দেশের ক্ষেত্রে যারা উন্মুক্ত, তাদের মূল্যবোধ এবং স্বার্থ কোয়াড ভাগ করে নেয়। |
| জাতীয় ভোটার দিবস<br> | প্রসঙ্গ<br>• ভারতীয় ভোটারদের নির্বাচনী প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে উৎসাহিত করার জন্য প্রতি বছর 25 জানুয়ারি ভারতে জাতীয় ভোটার দিবস পালন করা হয়।<br>• এটি যুব সম্প্রদায়কে নির্বাচনী প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য উৎসাহিত করে। এর পাশাপাশি এটি ভোটাধিকারকে একটি মৌলিক অধিকার হিসেবেও প্রতিপন্ন করে।<br>• এই দিনটি ভারতের নির্বাচন কমিশনের প্রতিষ্ঠা দিবস হিসেবেও খ্যাত। ভারতের নির্বাচন কমিশন প্রতিষ্ঠিত হয় 1950 সালের 25শে জানুয়ারী।<br>• এই বছর জাতীয় ভোটার দিবসের 14তম সংস্করণ উদযাপিত হয়েছে।<br>• **2024** এর থিম- 'ভোট দেওয়ার মতো গুরুত্বপূর্ণ আর অন্য কিছু নেই, আমি নিশ্চিত ভোট দিই' **('Nothing Like Voting, I Vote For Sure')**<br><br>তুমি কি জানতে? |

| | |
|---|---|
| | • **2011** সালের **25**শে জানুয়ারী প্রথম জাতীয় ভোটার দিবস পালিত হয়েছিল। |

***Copyright © by Adda247***

*All rights are reserved. No part of this document may be reproduced, stored in a retrieval system, or transmitted in any form or by any means, electronic, mechanical, photocopying, recording, or otherwise, without prior permission of Adda247.*